

3 (Sem-3) BEN MIL

2014

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে কালীনাথ বাবুর পরম বৈষ্ণব খুড়োর নাম কি ?
- (খ) সপ্তাহের কোন্ বারে ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশন আয়োজিত হত ?
- (গ) “তারচেয়ে শালাকে গোটাকত কিক্ দিয়ে একেবারে বৈকুণ্ঠে পাঠাও না কেন।” এখানে ‘শালা’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (ঘ) কবি জয়দেবের ‘গীতগোবিন্দ’ উচ্চারণ করতে গিয়ে কালীনাথ বাবু কি উচ্চারণ করেছিলেন ?
- (ঙ) “হেঁ, ভাল হয়েছে, এই একটা মুঞ্চিল আসান আসচে, ওর পিছনের আলোয় আলোয় এই বেলা প্রস্থান করি।” ‘মুঞ্চিল আসান’ শব্দের অর্থ কি ?
- (চ) প্রতাপাদিত্যের কনিষ্ঠ পুত্রের নাম কি ?

- (ছ) “এবারে তার কণ্ঠসুদ্ধ কণ্ঠ চেপে ধরতে হচ্ছে।” ‘কণ্ঠ’ শব্দের অর্থ কি ?
- (জ) মহারাজ প্রতাপাদিত্য উদয়াদিত্যকে কোন্ পরগণার শাসনের ভার দিয়েছিলেন ?
- (ঝ) যশোহর ত্যাগ করে উদয়াদিত্য কোন্ স্থানে যাত্রা করেছিলেন ?
- (ঞ) “তোরা যে মার সহিতে পারিস নে। সেইজন্যে তোদের মারগুলো সব নিজের পিঠে নেবার জন্যে স্বয়ং রাজার কাছে চলেছি।” উক্তিটি কার ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “ ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে দুজন বারবনিতার উল্লেখ পাওয়া যায়।” এদের নাম উল্লেখ করো।
- (খ) “একি, একি? এ আমার সোনার চাঁদ যে মাটিতে গড়াচ্ছে।” উক্তিটি কার? এখানে ‘সোনার চাঁদ’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (গ) “তুমি আমার এ রাজ্যের যোগ্য নও।” উক্তিটি কে, কার উদ্দেশ্যে করেছিলেন?
- (ঘ) “মাধবপুরের প্রজারা দরখাস্ত নিয়ে দিল্লিতে চলেছিল, হাতে হাতে ধরা পড়েছিল, সেও কি তুমি অবিশ্বাস কর?” এই ‘দরখাস্তে’ কি লেখা ছিল?
- (ঙ) “এই দেখ, তোর দেওয়া সেই শাঁখাজোড়া পরে এসেছি।” কে, কাকে শাঁখা দিয়েছিল?

- ৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের
উত্তর দাও :

৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে কর্তা মহাশয়
চরিত্রটিকে বিশ্লেষণ করো।
- (খ) "ও ঠাকুরবি, আজ দেখচি তোর ভারি আহ্লাদের দিন!
দেখ, হয়তো তোর দাদা আজ আবার এসে তোকে নিয়ে
সেইরকম রঙ্গ বাধায়!" এখানে 'দাদা' বলতে কাকে
বোঝানো হয়েছে? তার এই 'রঙ্গ'-এর বর্ণনা দাও এবং
সেই কীর্তির সপক্ষে তার মানসিকতার পরিচয় দাও।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে ইংরেজি-শিক্ষিত নব্য-
যুবকদের ভাষা ব্যবহারের পরিচয় দাও।

খ—গুচ্ছ

- (ক) "যাও, কাল রাতে যারা পাহারায় ছিল তাদের কয়েদ
করো গে।" এখানে পাহারাদারদের কয়েদ করার কথা
বলা হয়েছে কেন? রাতে কি ঘটনা ঘটেছিল?
- (খ) "সুরমা বিদায় হয়েছে মা, এবার আমি বিদায় হতে
এসেছি।" যশোহরের রাজবাড়ি থেকে কিভাবে সুরমার
বিদায় ঘটেছিল?
- (গ) ব্যাখ্যা করো :
"রাজকার্যে ছোটোদেরও অবজ্ঞা করতে নেই মহারাজ!
অসহ্য হলেই ছোটোরা জোট বাঁধে, জোট বাঁধলেই
ছোটোরা বড়ো হয়ে ওঠে।"

- ৪। ‘ক’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং ‘খ’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের কালীনাথ বাবু চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) “প্রহসন সমাজের কোনো বিশেষ দিক আলোকিত করিয়া ইহার দোষ, অসঙ্গতি অনাবৃত করিয়া দেয়, মানব জীবনের কোনো গভীর কি মৌলিক সমস্যার আলোচনা ইহার উদ্দেশ্য নহে।” সমালোচকের এই মন্তব্যের আলোকে মাইকেল মধুসূদন দত্তের ‘একেই কি বলে সভ্যতা’র বৈশিষ্ট্য আলোচনা করো।
- (গ) ‘একেই কি বলে সভ্যতা’র দ্বিতীয় অঙ্কের প্রথম গর্ভাঙ্কের ‘জ্ঞান তরঙ্গিণী সভা’র অধিবেশন-দৃশ্য আলোচনা করো।
- (ঘ) ‘একেই কি বলে সভ্যতা’র নামকরণের সার্থকতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ক) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে সঙ্গীত সন্নিবেশের বৈশিষ্ট্য সম্প্রক্ষে আলোচনা করো।
- (খ) “উদয়াদিত্য, বিভা, ধনঞ্জয়—সকলেই শেষ পর্যন্ত পথে নামিয়া পড়িল।” ‘প্রায়শ্চিত্ত’ নাটকের পরিসমাপ্তি সম্প্রক্ষে আলোচনা করো।
- (গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের উদয়াদিত্য চরিত্রটির বিশ্লেষণ করো।
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘প্রায়শ্চিত্ত’ নাটকটি ঐতিহাসিক নাটক, না সাংকেতিক নাটক? তোমার যুক্তিপূর্ণ অভিমত ব্যক্ত করো।

★ ★ ★